**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**রাজনৈতিক শাখা-২**

www.moha.gov.bd

নম্বর :৪৪.০০.০০০০.০৭৫.০১.০০১.২০১৪-১০১

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ / ২৬ ফেব্রুয়ারি ২০২৬

## অফিস আদেশ

স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে গত ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৪.০০.০০০০.০৭৫.০১.০০১.২০১৪-৭৩৭ নম্বর স্মারকে গঠিত 'জেলা আইন-শৃঙ্খলা কমিটি' সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ১. | জেলা ম্যাজিস্ট্রেট | : | সভাপতি |
| ২. | পুলিশ সুপার | : | সদস্য |
| ৩. | পুলিশ সুপার (ডিএসবি) | : | সদস্য |
| ৪. | ডেপুটি পুলিশ কমিশনার (মেট্রোপলিটন জেলাসমূহের ক্ষেত্রে) | : | সদস্য |
| ৫. | সশস্ত্র বাহিনী বিভাগ/বিজিবি/কোস্ট গার্ড প্রতিনিধি (সীমান্তবর্তী/উপকূলীয় জেলাসমূহের ক্ষেত্রে) | : | সদস্য |
| ৬. | জেলা সিভিল সার্জন | : | সদস্য |
| ৭. | জেলার সকল উপজেলা পরিষদ চেয়ারম্যান/প্রশাসক | : | সদস্য |
| ৮. | জেলা সদরের সরকারি কলেজসমূহের অধ্যক্ষ | : | সদস্য |
| ৯. | তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল | : | সদস্য |
| ১০. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | : | সদস্য |
| ১১. | যুগ্ম পরিচালক/উপপরিচালক, এনএসআই | : | সদস্য |
| ১২. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | : | সদস্য |
| ১৩. | জেলা মৎস্য কর্মকর্তা | : | সদস্য |
| ১৪. | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | : | সদস্য |
| ১৫. | অতিরিক্ত/সহকারী পুলিশ সুপার (সার্কেল), (সকল) | : | সদস্য |
| ১৬. | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি | : | সদস্য |
| ১৭. | মেয়র/প্রশাসক, পৌরসভা (সকল) | : | সদস্য |
| ১৮. | সভাপতি/সাধারণ সম্পাদক/উপযুক্ত প্রতিনিধি, জেলা বার এসোসিয়েশন | : | সদস্য |
| ১৯. | সভাপতি/সাধারণ সম্পাদক/উপযুক্ত প্রতিনিধি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | : | সদস্য |
| ২০. | সভাপতি/সাধারণ সম্পাদক/উপযুক্ত প্রতিনিধি, জেলা প্রেসক্লাব | : | সদস্য |
| ২১. | জেলা পাবলিক প্রসিকিউটর | : | সদস্য |
| ২২. | উপজেলা পর্যায়ের একজন কলেজ অধ্যক্ষ (জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২৩. | জেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ২৪. | জেলা ডিজিএফআই প্রতিনিধি | : | সদস্য |
| ২৫. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ২৬. | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | : | সদস্য |
| ২৭. | সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, কেন্দ্রীয়/জেলা কারাগার | : | সদস্য |
| ২৮. | মুক্তিযোদ্ধা প্রতিনিধি (জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২৯. | জেলার ০৫ জন গণ্যমান্য ব্যক্তি (০১ জন ইমাম/খতিব এবং ০১ জন মহিলাসহ) (জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ৩০. | সভাপতি/সাধারণ সম্পাদক/উপযুক্ত প্রতিনিধি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি | : | সদস্য |
| ৩১. | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | : | সদস্য-সচিব |

২। জেলার সকল মাননীয় সংসদ সদস্য এই কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করবেন। সভার কার্যবিবরণী তাঁদেরকে নিয়মিত সরবরাহ করতে হবে। পৃথক নোটিশের মাধ্যমে তাঁদেরকে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করতে হবে।

৩। জেলা আইন-শৃঙ্খলা কমিটির কার্য-পরিধি নিম্নরূপ:

(ক) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা করা;
(খ) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পরিকল্পনা গ্রহণ করা ও পরিকল্পনা মোতাবেক কার্য সম্পাদন করা;
(গ) অপরাধী ও সমাজবিরোধী ব্যক্তিদের অপরাধমূলক কার্যকলাপ ফলপ্রসূভাবে প্রতিরোধকল্পে পরিকল্পনা গ্রহণ ও যথোপযুক্ত পন্থা নির্ধারণের মাধ্যমে তা বাস্তবায়ন করা;
(ঘ) খুন, ধর্ষণ, ছিনতাই, অপহরণ, এসিড নিক্ষেপ, মেয়েদের উত্যক্তকরণ, নারী ও শিশু পাচার, কিশোর গ্যাং এর অপরাধ, মাদক ব্যবসা ও সেবন ইত্যাদি জঘণ্য প্রকৃতির অপরাধসমূহ নিয়ন্ত্রণকল্পে কার্যকর কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা;
(ঙ) অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা এবং পরিকল্পনায় তাদের সম্পৃক্তকরণ;
(চ) অপরাধ দমনে আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে (পুলিশ, আনসার ও ভিডিপি ইত্যাদি) সমন্বিত পদক্ষেপ গ্রহণে উৎসাহ প্রদান;
(ছ) আইন-শৃঙ্খলার উন্নয়নে সরকার/বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ;
(জ) আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার লক্ষ্যে অন্যান্য প্রয়োজনীয় বিষয় বিবেচনাকরণ; এবং
(ঝ) সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ।

৪। **জেলা আইন-শৃঙ্খলা কমিটির স্থানীয় প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটগণ যে কোনো সরকারি কর্মকর্তা/দপ্তর প্রধানকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।**

৫। কমিটি প্রতিমাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে এবং প্রয়োজনবোধে যে কোনো সময়ে সভা অনুষ্ঠান করবে।

৬। পুলিশ সুপার প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।

০৭.০৬.২০২১

কে.এম.ইয়াসির আরাফাত
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪৫২৩
ই-মেইল: mohapol2@gmail.com

জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট
.....(সকল) [সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ]।

সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
২। সিনিয়র সচিব/সচিব.....মন্ত্রণালয়, ঢাকা;
৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা;
৪। পুলিশ মহাপরির্দশক, পুলিশ অধিদপ্তর, ঢাকা;
৫। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ডিজিএফআই/বিজিবি/এনএসআই/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর/মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, ঢাকা;
৬। বিভাগীয় কমিশনার,.....(সকল);
৭। রেঞ্জ ডিআইজি,.....(সকল); এবং
৮। পুলিশ কমিশনার,.....(সকল)।